



BCPS

# বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ Bangladesh College of Physicians & Surgeons

বিসিপিএস নং-আরটিএম-৭১২/২০২৪/২৪১৮৬

০৩ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রিসার্চ এন্ড ট্রেনিং মনিটরিং বিভাগ (আরটিএমডি) কর্তৃক ১ম পর্বের মেধা তালিকা, জ্যেষ্ঠতা ও প্রতিষ্ঠানের পছন্দক্রম অনুযায়ী পদায়ন করা হবে। এরই ধারাবাহিকতায় জানুয়ারি ২০২৫ সেশন এফসিপিএস (১ম পর্ব) পরীক্ষায় উত্তীর্ণ সকল বেসরকারি প্রশিক্ষণার্থীকে আরটিএমডি হতে প্রশিক্ষণের জন্য সরকারী প্রতিষ্ঠানের বিসিপিএস কর্তৃক স্বীকৃত সকল ডিসিপ্লিনে অনলাইন অটোমেশনে পদায়ন করা হবে। প্রশিক্ষণার্থী নিজ উদ্যোগে কোন সরকারী প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন না। যারা বেসরকারি প্রতিষ্ঠানে যোগদান করবেন তাহারা উক্ত প্রতিষ্ঠানে হতে বেতন ভাতা উত্তোলন করবেন। বেসরকারি প্রতিষ্ঠানে প্রশিক্ষণার্থীদের সরকার কর্তৃক প্রদত্ত ভাতা বিসিপিএস এর মাধ্যমে প্রদান করা যাবে না।

সুতরাং, এই পদায়ন সঠিকভাবে সম্পন্ন করার জন্য আপনার প্রতিষ্ঠানে বিসিপিএস কর্তৃক স্বীকৃত বিভাগসমূহে কর্মরত বিভিন্ন ইউনিট ভিত্তিক অধ্যাপক, সহযোগী অধ্যাপক, কনসালটেন্টগণের হালনাগাদ তালিকা (সংযুক্ত ছক মোতাবেক) অধ্যক্ষ/পরিচালক এর স্বাক্ষর ও সীলসহ ডাকযোগে অথবা ই-মেইলে এবং সরবরাহকৃত সংযুক্ত ছক মোতাবেক তালিকার সফট কপি (Word /Excel Format) আরটিএম বিভাগের ই-মেইল: [rtmd@bcps.edu.bd](mailto:rtmd@bcps.edu.bd) এ আগামী ১০/১২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে বিসিপিএস-এ প্রেরণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

### বিঃ দ্রঃ

- জুলাই ২০২৪ সেশনে এফসিপিএস (১ম পর্ব) পরীক্ষায় পাসকৃত যে সকল বেসরকারি প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে যোগদান করেননি কিন্তু জানুয়ারি ২০২৫ সেশনে যোগদান করতে ইচ্ছুক তাদেরকে প্রশিক্ষণের জন্য সরকারী প্রতিষ্ঠানের বিসিপিএস কর্তৃক স্বীকৃত সকল ডিসিপ্লিনে অনলাইন অটোমেশনে পদায়ন করা হবে।
- জুলাই ২০২৪ এর পূর্বে এফসিপিএস ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষণ প্রত্যাশিগণ বিসিপিএস কর্তৃক স্বীকৃত বিভাগ/প্রতিষ্ঠানে পূর্বের নিয়মে তাঁদের নিজ নিজ পছন্দ অনুসারে সরাসরি যোগ দিতে পারবেন।

এতদসংক্রান্ত বিষয়ে বিস্তারিত তথ্য জানার জন্য কলেজের ওয়েবসাইট ([www.bcps.edu.bd](http://www.bcps.edu.bd)) / নোটিশ অনুসরণ করুন।

(অধ্যাপক আবুল বাশার মোঃ জামাল)

সচিব

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)।

অনুলিপি কার্যার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রেরণ করা হইলঃ

১. অধ্যক্ষ, .....মেডিকেল কলেজ।
২. পরিচালক, ..... মেডিকেল কলেজ ও হাসপাতাল।
৩. চেয়ারম্যান (আইটিএমসি)/ সদস্য (আইটিএমসি)..... মেডিকেল কলেজ ও হাসপাতাল।
৪. ....বিভাগীয় প্রধান ..... মেডিকেল কলেজ ও হাসপাতাল।
৫. অফিস কপি।

67, Shaheed Tajuddin Ahmed Sarani, Mohakhali, Dhaka-1212, Bangladesh.

Tel: 880-2-222295006, 222284189, 222291865, 222284914, Fax: 880-2-9848928, E-mail: [bcps@bcps.edu.bd](mailto:bcps@bcps.edu.bd), [bcps@bcps-bd.org](mailto:bcps@bcps-bd.org), Website: [www.bcpsbd.org](http://www.bcpsbd.org), [www.bcps.edu.bd](http://www.bcps.edu.bd)